

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ প্রত্যেক মাসে তিনটি সিয়াম রাখা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ اسْتِحْبَابِ صَوْمِ ثَلَاثَةِ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ

আরবী

3641 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمِحٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ
 يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هَنْدٍ أَنَّ مُطَرِّقًا مِنْ بَنِي عَامِرِ بْنِ صَعْفَةَ حَدَّثَهُ:
 أَنَّ عُمَانَ بْنَ أَبِي الْعَاصِ دَعَا بِلَبْنٍ لِيَسْقِيَهُ فَقَالَ مُطَرِّقٌ: إِنِّي صَائِمٌ فَقَالَ عُمَانُ:
 سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (الصِّيَامُ جُنَّةٌ كَجُنَّةِ أَحَدِكُمْ مِنَ الْقِتَالِ)
 وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (صِيَامٌ حَسَنٌ ثَلَاثَةُ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ)
 الراوي: مُطَرِّقٌ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات
 الحسان على صحيح ابن حبان
 الصفحة أو الرقم: 3641 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/60).

বাংলা

৩৬৪১. মুতাররিফ থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার উসমান বিন আবুল আস রাদিয়াল্লাহু আনহু পান করার জন্য দুধ আনতে বলেন। তখন মুতাররিফ রহিমাল্লাহু বলেন, “নিশ্চয়ই আমি সিয়াম পালনকারী।” তখন উসমান রাদিয়াল্লাহু আনহু বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “সিয়াম যুদ্ধক্ষেত্রে তোমাদের ঢালের ন্যায় ঢাল স্বরূপ।” এবং আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরো বলতে শুনেছি, তিনি বলেছেন, “প্রত্যেক মাসে তিনটি সিয়াম উত্তম সিয়াম।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৬৩৯; মুসনাদ আহমাদ: ৪/২২; নাসাঈ: ৪/১৬৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২১২৫; তাবারানী: ৯/৮৩৬০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৪; তাবারানী: ৮৩৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৬০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুতাররিফ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92977>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন